তারিখ ২২ JUN 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

কালের কণ্ঠ

# একযোগে নিয়োগ দাবি প্যানেল শিক্ষকদের

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের প্যানেলে থাকা সবাইকে একযোগে নিয়োগের দাবিতে গতকাল মঙ্গলবার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই) ঘেরাও কর্মসূচি পালন করেছে শিক্ষক পরিষদ। পরে নেতারা জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট ফজলে রাব্বী মিয়ার কাছে স্মারকলিপি দিয়েছেন।

আন্দোলনকারীরা বলেন, প্যানেলভুক্ত ২৮ হাজার শিক্ষকের মধ্যে রিট জয়ী ১৬ হাজার শিক্ষককে নিয়োগ দেওয়ার নির্দেশ দেন হাইকোর্ট। কিন্তু আদালতের রায় এবং মন্ত্রীর বক্তব্য উপেক্ষা করে ডিপিই ২৮ হাজারের মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী ১৭ হাজার শিক্ষককে নিয়োগ দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে। এতে রিট জয়ী ১৬ হাজার শিক্ষকের মধ্যে আট হাজার শিক্ষক নিয়োগ বঞ্চিত হবেন।

প্যানেলভুক্ত প্রাথমিক বিদ্যালয় শিক্ষক পরিষদের সভাপতি রোজেল রাজু বলেন, 'শূন্য ও সৃষ্ট পদ মিলিয়ে ৪০ হাজারেরও বেশি পদ খালি রয়েছে। প্যানেলভুক্ত সব শিক্ষক নিয়োগ দিলেও আরো ১২ হাজার পদ খালি থাকবে। কোর্ট বলেছেন রিটকারীদের নিয়োগ দিতে। অথচ ডিপিই দিচ্ছে মেধা অনুসারে। এতে আমরা যারা দীর্ঘদিন মামলায় লড়লাম তারাই বঞ্চিত হচ্ছি।'